# ঢাকা সিটি কলেজ
স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমণ্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ৫৮৬১০২৯৪; ফ্যাক্স : ৯৬৭৫৫২৯
www.dhakacitycollege.edu.bd


সূত্র নং

তারিখ : ২৭.০২.২০২২

# নোটিশ

## (একাদশ শ্রেণির ছাত্রদের জন্য)

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ঢাকা সিটি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত প্রিয় শিক্ষার্থীদেরকে কলেজ ক্যাম্পাসে স্বাগতম জানাচ্ছি। তোমরা জান, ঢাকা সিটি কলেজ বাংলাদেশের শিক্ষাঙ্গণে একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। এ কলেজে পাঠদান ও অভ্যন্তরীণ পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সুনির্দিষ্ট দিকনির্দেশনা অনুসরণ করা হয়। এই দিকনির্দেশনাগুলি পুস্তিকা আকারে কলেজের প্রসপেক্টাস ও বার্ষিক কার্যক্রমের মাধ্যমে তোমাদেরকে ইতিমধ্যে সরবরাহ করা হয়েছে। পুস্তিকা দু'টিতে বর্ণিত বিষয়সমূহ এই শিক্ষা প্রতিষ্ঠানের নিয়ম-শৃঙ্খলা ও অধ্যয়নের সুষ্ঠ পরিবেশ বজায় রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় উক্ত পুস্তিকা দু'টি আদ্যপান্ত পাঠ করার জন্য তোমাদেরকে বলা হচ্ছে। উপরন্তু নিম্নে বর্ণিত বিষয়সমূহের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করার জন্য তোমাদের দৃষ্টি আকর্ষণ করা হলোঃ

তোমাদেরকে নিয়মিত ক্লাস করতে হবে। ক্লাস উপস্থিতি ন্যূনপক্ষে ৮০% হতে হবে। কোর্স চলাকালীন প্রতিটি বিষয়ের উপর ক্লাস টেস্ট, সেমিস্টার পরীক্ষা, প্রমোশন টেস্টসহ যে সমস্ত পরীক্ষার আয়োজন করা হবে সেগুলোতে গুরুত্বের সঙ্গে অংশগ্রহণের জন্য তোমাদেরকে বলা হচ্ছে। কলেজের অভ্যন্তরীণ পরীক্ষা ও বোর্ড ফাইনাল পরীক্ষায় অধিকতর ভালো ফলাফল অর্জনের জন্য প্রতিটি বিষয়ের প্রথম ও দ্বিতীয় পত্র মিলিয়ে প্রত্যেক বর্ষে ১৪/১৫টি অ্যাসাইনমেন্ট দেওয়া হয় যা প্রত্যেক শিক্ষার্থীকে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরম্যাট অনুযায়ী নিজ হস্তে লিখে সংশ্লিষ্ট বিষয় শিক্ষকের নিকট জমা দিতে হয়। কলেজের অভ্যন্তরীণ পরীক্ষায় প্রতিটি বিষয়ে (কমপক্ষে ৩৩% নম্বর পেয়ে) পাস করতে হবে। সৃজনশীল বিষয়সমূহে এমসিকিউ, সিকিউ ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় বোর্ড-এর নিয়ম অনুযায়ী আলাদা আলাদাভাবে পাস করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট শিক্ষার্থী একাদশ শ্রেণির চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। ফলে, দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার কোন সুযোগ থাকবে না। সেক্ষেত্রে ঐ শিক্ষার্থীকে নিজ দায়িত্বে ছাড়পত্র নিয়ে অন্য কোন কলেজে চলে যেতে হবে।

ছাত্রদেরকে প্লেন কাপড়ের সাদা শার্ট, কালো প্যান্ট এবং কালো রং-এর জুতা পরতে হবে। মাথার চুল ছোট রাখতে হবে।

কলেজে কোনো প্রকার **স্মার্ট ফোন বা ট্যাব অথবা অন্য কোনো অননুমোদিত ইলেক্ট্রনিক ডিভাইস** আনা যাবে না। অভিভাবকের সাথে জরুরি যোগাযোগের প্রয়োজনে ক্যামেরাবিহীন সাধারণ মোবাইল (বাটন মোবাইল) ফোন আনা যাবে। তবে তা ক্লাসরুম, পরীক্ষার হল, করিডোর, সেমিনার লাইব্রেরী ও সেন্ট্রাল লাইব্রেরীতে ব্যবহার করা যাবে না। কারো কাছে স্মার্ট ফোন বা ট্যাব অথবা অন্য কোনো অননুমোদিত ইলেক্ট্রনিক ডিভাইস পাওয়া গেলে তা **তৎক্ষণাৎ জব্দ করা হবে এবং তা আর ফেরত দেওয়া হবে না।**

উল্লিখিত নির্দেশনাসমূহ আগামী ০৫.০৩.২০২২ তারিখ থেকে কার্যকর হবে। তবে প্রসপেক্টাসে বর্ণিত নির্দেশনা অনুযায়ী কলেজ ইউনিফর্ম প্রস্তুত করার জন্য সকলকে ১০.০৩.২০২২ (বৃহস্পতিবার) তারিখ পর্যন্ত সময় দেয়া হলো। ১২.০৩.২০২২ (শনিবার) তারিখ থেকে কলেজ ইউনিফর্ম পরে সশরীরে ক্লাসে আসা বাধ্যতামূলক। এছাড়াও কোন কারণে কলেজে আসার প্রয়োজন হলে সেক্ষেত্রেও অবশ্যই কলেজ ইউনিফর্ম পরে আসতে হবে। তোমাদেরকে ঢাকা সিটি কলেজের শিক্ষার সুষ্ঠু পরিবেশ অক্ষুণ্ন রাখার লক্ষ্যে উপরিউক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে মেনে চলতে বলা হচ্ছে।

(প্রফেসর বেদার উদ্দিন আহমেদ)
অধ্যক্ষ
ঢাকা সিটি কলেজ

# ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমণ্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ৫৮৬১০২৯৪; ফ্যাক্স : ৯৬৭৫৫২৯

www.dhakacitycollege.edu.bd


সূত্র নং

তারিখ : ২৭.০২.২০২২

# নোটিশ

## (একাদশ শ্রেণির ছাত্রীদের জন্য)

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ঢাকা সিটি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত প্রিয় শিক্ষার্থীদেরকে কলেজ ক্যাম্পাসে স্বাগতম জানাচ্ছি। তোমরা জান, ঢাকা সিটি কলেজ বাংলাদেশের শিক্ষাঙ্গণে একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। এ কলেজে পাঠদান ও অভ্যন্তরীণ পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সুনির্দিষ্ট দিকনির্দেশনা অনুসরণ করা হয়। এই দিকনির্দেশনাগুলি পুস্তিকা আকারে কলেজের প্রসপেক্টাস ও বার্ষিক কার্যক্রমের মাধ্যমে তোমাদেরকে ইতিমধ্যে সরবরাহ করা হয়েছে। পুস্তিকা দু'টিতে বর্ণিত বিষয়সমূহ এই শিক্ষা প্রতিষ্ঠানের নিয়ম-শৃঙ্খলা ও অধ্যয়নের সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় উক্ত পুস্তিকা দু'টি আদ্যপান্ত পাঠ করার জন্য তোমাদেরকে বলা হচ্ছে। উপরন্তু নিম্নে বর্ণিত বিষয়সমূহের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করার জন্য তোমাদের দৃষ্টি আকর্ষণ করা হলো:

তোমাদেরকে নিয়মিত ক্লাস করতে হবে। ক্লাস উপস্থিতি ন্যূনপক্ষে ৮০% হতে হবে। কোর্স চলাকালীন প্রতিটি বিষয়ের উপর ক্লাস টেস্ট, সেমিস্টার পরীক্ষা, প্রমোশন টেস্টসহ যে সমস্ত পরীক্ষার আয়োজন করা হবে সেগুলোতে গুরুত্বের সঙ্গে অংশগ্রহণের জন্য তোমাদেরকে বলা হচ্ছে। কলেজের অভ্যন্তরীণ পরীক্ষা ও বোর্ড ফাইনাল পরীক্ষায় অধিকতর ভালো ফলাফল অর্জনের জন্য প্রতিটি বিষয়ের প্রথম ও দ্বিতীয় পত্র মিলিয়ে প্রত্যেক বর্ষে ১৪/১৫টি অ্যাসাইনমেন্ট দেওয়া হয় যা প্রত্যেক শিক্ষার্থীকে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরম্যাট অনুযায়ী নিজ হস্তে লিখে সংশ্লিষ্ট বিষয় শিক্ষকের নিকট জমা দিতে হয়। কলেজের অভ্যন্তরীণ পরীক্ষায় প্রতিটি বিষয়ে (কমপক্ষে ৩৩% নম্বর পেয়ে) পাস করতে হবে। সৃজনশীল বিষয়সমূহে এমসিকিউ, সিকিউ ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় বোর্ড-এর নিয়ম অনুযায়ী আলাদা আলাদাভাবে পাস করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট শিক্ষার্থী একাদশ শ্রেণির চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। ফলে, দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার কোন সুযোগ থাকবে না। সেক্ষেত্রে ঐ শিক্ষার্থীকে নিজ দায়িত্বে ছাড়পত্র নিয়ে অন্য কোন কলেজে চলে যেতে হবে।

ছাত্রীদেরকে সাদা রঙের সালোয়ার-কামিজ ও সাদা ওড়না (ভি-চিহ্নিত) পরিধান করতে হবে এবং কেড্‌স পরতে হবে। যেসব ছাত্রী বোরকা পরবে তাদেরকে অবশ্যই কলেজ ড্রেস পরে তার উপরে সাধারণ ও মার্জিত রংয়ের বোরকা পরতে হবে। যারা হিজাব পরবে তারা কালো অথবা সাদা রঙের হিজাব পরবে। এতে প্রিন্ট কিংবা অন্য রঙের সমন্বয় থাকতে পারবে না। কলেজ ক্যাম্পাসে থাকাকালীন কলেজের পরিচয়পত্র সার্বক্ষণিক গলায় ঝুলিয়ে রাখতে হবে।

কলেজে কোনো প্রকার **স্মার্ট ফোন বা ট্যাব অথবা অন্য কোনো অননুমোদিত ইলেক্ট্রনিক ডিভাইস** আনা যাবে না। অভিভাবকের সাথে জরুরি যোগাযোগের প্রয়োজনে ক্যামেরাবিহীন সাধারণ মোবাইল (বাটন মোবাইল) ফোন আনা যাবে। তবে তা ক্লাসরুম, পরীক্ষার হল, করিডোর, সেমিনার লাইব্রেরী ও সেন্ট্রাল লাইব্রেরীতে ব্যবহার করা যাবে না। কারো কাছে স্মার্ট ফোন বা ট্যাব অথবা অন্য কোনো অননুমোদিত ইলেক্ট্রনিক ডিভাইস পাওয়া গেলে তা **তৎক্ষণাৎ জব্দ করা হবে এবং তা আর ফেরত দেওয়া হবে না।**

উল্লিখিত নির্দেশনাসমূহ আগামী ০৫.০৩.২০২২ তারিখ থেকে কার্যকর হবে। তবে প্রসপেক্টাসে বর্ণিত নির্দেশনা অনুযায়ী কলেজ ইউনিফর্ম প্রস্তুত করার জন্য সকলকে ১০.০৩.২০২২ (বৃহস্পতিবার) তারিখ পর্যন্ত সময় দেয়া হলো। ১২.০৩.২০২২ (শনিবার) তারিখ থেকে কলেজ ইউনিফর্ম পরে সশরীরে ক্লাসে আসা বাধ্যতামূলক। এছাড়াও কোন কারণে কলেজে আসার প্রয়োজন হলে সেক্ষেত্রেও অবশ্যই কলেজ ইউনিফর্ম পরে আসতে হবে। তোমাদেরকে ঢাকা সিটি কলেজের শিক্ষার সুষ্ঠু পরিবেশ অক্ষুণ্ন রাখার লক্ষ্যে উপরিউক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে মেনে চলতে বলা হচ্ছে।

(প্রফেসর বেদার উদ্দিন আহমেদ)

অধ্যক্ষ

ঢাকা সিটি কলেজ